ছেলে হোক, মেয়ে হোক
দু'টি সন্তানই যথেষ্ট

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
আইইএম ইউনিট
০৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dgfp.gov.bd

স্মারক নং- ৫৯.১১.০০০০.৩৫০.২৩.০৩০.২৩.১৮৭৭ — তারিখঃ ০৫/ ১১/২০২৩খ্রি:

# পরিপত্র

**বিষয়: ০৯-১৪ ডিসেম্বর ২০২৩ পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ উদযাপন ।**

টেকসই উন্নয়ন লক্ষ্য অনুযায়ী বাংলাদেশে মাতৃমৃত্যুর হার ২০৩০ সালের মধ্যে ৭০-এ নামিয়ে আনার লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছে, অন্যদিকে ২০১৯ সালে কায়রোতে অনুষ্ঠিত আইসিপিডি-২৫ সম্মেলনে অংশগ্রহণকারী সকল দেশ তিনটি শূন্য: শূন্য মাতৃমৃত্যু, নারীর প্রতি শূন্য সহিংসতা এবং অপূর্ণ চাহিদা শূন্য অর্জন করার জন্য অঙ্গীকারবদ্ধ হয়েছে। এ তিন শূন্য অর্জনে অন্যতম বড় বাধা বাল্যবিয়ে। বাংলাদেশের বাল্যবিবাহ নিরোধ আইন ২০১৭ অনুযায়ী বিবাহের আইনগত বয়স মেয়েদের ১৮ বছর ও ছেলেদের ২১ বছর হলেও বিডিএইচএস, ২০২২ অনুযায়ী ২০-২৪ বছর বয়সী নারীদের বিয়ের গড় বয়স ১৬ বছর।১৫-১৯ বছর বয়সীদের মধ্যে গর্ভবতীর হার অর্থাৎ কৈশোরকালীন মাতৃত্বের হার ২৪%। বাল্য বিয়ে ও কৈশোরকালীন মাতৃত্বের কারণে তাদের নানাবিধ অনাকাঙ্ক্ষিত স্বাস্থ্য ঝুঁকির সম্মুখীন হতে হয়, এমনকি মৃত্যুও হয়ে থাকে। কিশোরী বয়সে সন্তান ধারণ করলে শিশুর বৃদ্ধি ব্যাহত হওয়ার ঝুঁকি, মৃত সন্তান প্রসব, অপরিপক্ক প্রসব, কম ওজনের শিশু জন্ম, মায়ের প্রজননতন্ত্রের জটিলতাসহ নানারকম স্বাস্থ্য ঝুঁকির মধ্যে থাকে তারা । পরিণামে রুগ্ন ও ভগ্নস্বাস্থ্য থেকে শুরু করে সন্তান প্রসবকালে বা প্রসব পরবর্তী মৃত্যু পর্যন্ত হয়ে থাকে। এসব স্বাস্থ্যঝুঁকি কমাতে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের রয়েছে প্রয়োজনীয় সেবা ও পরামর্শ সেবা।

আঠারোর অগে বিয়ে নয়, বিশের আগে সন্তান নয় এই বিষয়ে সচেতনতা বৃদ্ধির পাশাপাশি পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্যসেবা এবং পরামর্শ প্রদানের মাধ্যমে অনাকাঙ্ক্ষিত গর্ভধারণ রোধ ও মাতৃমৃত্যু রোধ করতে হবে। এসব দিক বিবেচনায় নিয়ে এবারের সেবা ও প্রচার সপ্তাহের প্রতিপাদ্য নির্বাচন করা হয়েছে।

০৯-১৪ ডিসেম্বর ২০২৩ পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ উদযাপিত হবে; এবারের সেবা ও প্রচার সপ্তাহের প্রতিপাদ্য নির্ধারিত হয়েছেঃ

**"নিরাপদ মাতৃত্ব, পরিকল্পিত পরিবার**
**স্মার্ট বাংলাদেশ হোক আমাদের অঙ্গীকার"**

পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন আইইএম ইউনিট এবং ইউএনএফপিএ (UNFPA) এর যৌথ উদ্যোগে ০৯-১৪ ডিসেম্বর দেশব্যাপী বিভাগ, জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে সরকারি, বেসরকারি সেক্টরের সকল সেবাকেন্দ্রে পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ উদযাপন করার উদ্যোগ নেয়া হয়েছে।

সেবা ও প্রচার সপ্তাহ-২০২৩ সফল করার লক্ষ্যে অধিদপ্তর, বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে নিম্নেবর্ণিত কার্যক্রম গ্রহণ করতে হবে:
এই প্রতিপাদ্যকে সামনে রেখে দেশব্যাপি সেবা প্রদানের সাথে সাথে ব্যাপক প্রচার-প্রচারণা চালানো হবে ।

- কর্মকর্তাগণ নিজেদের উদ্ভাবনী চিন্তা ও উদ্যোগের মাধ্যমে পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ সফলভাবে উদযাপনের লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন করবেন;
- কেন্দ্রীয়ভাবে এমসিএইচটিআই, আজিমপুর, ঢাকায় উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হবে। বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে স্থানীয় প্রশাসনের সাথে আলোচনাক্রমে সুবিধাজনক ভেন্যুতে উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করতে হবে;
- বিভাগীয়/জেলা পর্যায়ে প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার প্রতিনিধি (বিটিভি ও বেসরকারি টিভি চ্যানেল, এফ এম ও কমিউনিটি রেডিও এবং জাতীয় ও স্থানীয় পত্রিকার প্রতিনিধি) ও স্থানীয় জনপ্রতিনিধিগণের উপস্থিতিতে এ্যাডভোকেসি সভা এবং প্রয়োজনে পৃথকভাবে প্রেস ব্রিফিং এর আয়োজন করতে হবে যেখানে বিভাগীয় পরিচালক, জেলা প্রশাসক, সিভিল সার্জন, উপপরিচালক (এফপি), সহকারী পরিচালক (এফপি/সিসি); মেডিকেল অফিসার (সিসি/ক্লিনিক) ও বিভিন্ন সরকারী দপ্তরের কর্মকর্তাগণ উপস্থিত থাকবেন;
- উপজেলা পর্যায়ে প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া ব্যক্তিবর্গ (সরকারি-বেসরকারি টিভি চ্যানেল, লোকাল ক্যাবল চ্যানেল, এফএম ও কমিউনিটি রেডিও এবং জাতীয় ও স্থানীয় পত্রিকার প্রতিনিধি), ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের সমন্বয়ে এডভোকেসি সভা ও প্রেস ব্রিফিং'র আয়োজন করবেন। এ সভায় উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা এবং মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) ও বিভিন্ন দপ্তরের সরকারী কর্মকর্তাগণ উপস্থিত থাকবেন;

- আইইসি অপারেশনাল প্ল্যানের আওতায় জিওবি (উন্নয়ন) খাতে ৯৬,৪৩,০০০/- (ছিয়ানব্বই লক্ষ তেতাল্লিশ হাজার) টাকা আনুপাতিক হারে বিভাগ, জেলা, উপজেলা, মা ও শিশু কল্যাণ কেন্দ্র এবং ০৩টি বিশেষায়িত প্রতিষ্ঠানে বরাদ্দ প্রেরণ করা হয়েছে। এছাড়াও পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ উদযাপন উপলক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ ও এনজিওদের সহায়তার উদ্যোগ গ্রহণ করা যেতে পারে;
- সেবা ও প্রচার সপ্তাহকে আকর্ষণীয় ও জনগণের মাঝে গ্রহণযোগ্য করে তোলার জন্য আইইএম ইউনিট প্রচার সামগ্রী প্রস্তুত (পোস্টার, লিফলেট, ফোল্ডার) ও বিতরণের ব্যবস্থা গ্রহণ করবে। সরবরাহকৃত পোস্টার, লিফলেট ও অন্যান্য প্রচার সামগ্রী বিভিন্ন স্তরের সেবা কেন্দ্রে বিতরণ ও প্রদর্শনের ব্যবস্থা নিশ্চিত করতে হবে ;
- আইইএম ইউনিট হতে সরবারহকৃত পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহের প্রতিপাদ্য সম্বলিত ব্যানারের নমুনা অনুযায়ী ব্যানার তৈরি করতে হবে এবং সকল সেবা কেন্দ্রের দর্শনীয় স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়াও স্থানীয় ইউনিয়ন পরিষদ, হাট-বাজার, রেল স্টেশন, বাস স্টপেজ, নদীবন্দরসহ যেখানে সাধারণত লোকসমাগম বেশি হয় সেখানে ব্যানার প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ০৯-১৪ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ চলাকালীন প্রতিদিন বিভাগ, জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে পরিবার পরিকল্পনার অস্থায়ী, দীর্ঘ মেয়াদী ও স্থায়ী পদ্ধতির বিশেষ ক্যাম্পের আয়োজন এবং অন্যান্য স্বাস্থ্য সেবা প্রদান করতে হবে। প্রাতিষ্ঠানিক ডেলিভারী, প্রসবকালীন ও প্রসব পরবর্তী সেবার উপরও গুরুত্ব দিতে হবে। এক্ষেত্রে কিশোর- কিশোরীদের সেবা বৃদ্ধিকল্পেও বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে। সেই সাথে সেবা প্রদানের ক্ষেত্রে গুণগত মান নিশ্চিত করতে হবে এবং উপযুক্ত কাউন্সেলিং করতে হবে;
- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব, পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মহাপরিচালক, পরিচালক (আইইএম) এবং ইউএনএফপিএ'র বাংলাদেশস্থ প্রতিনিধির উপস্থিতিতে বিটিভিতে সংলাপ আয়োজন করা হবে, আইইএম ইউনিট এ বিষয়ে যাবতীয় ব্যবস্থা গ্রহণ করবে;
- সেবা ও প্রচার সপ্তাহের তাৎপর্য তুলে ধরে আইইএম ইউনিটের উদ্যোগে মাননীয় মন্ত্রী/ সচিব মহোদয়ের উপস্থিতিতে প্রেস ব্রিফিং এর আয়োজন করা হবে;
- সেবা ও প্রচার সপ্তাহ উদযাপন উপলক্ষ্যে পরিচালক/লাইন ডাইরেক্টর এফএসডি/সিসিএসডি/এমসিএইচ, পরিবার পরিকল্পনা অধিদপ্তর মাঠ পর্যায়ে বিশেষ সেবাদান কার্যক্রম পরিচালনার নির্দেশাবলী সম্বলিত পরিপত্র জারী করবেন;
- সেবা ও প্রচার সপ্তাহ সুষ্ঠুভাবে উদযাপনের লক্ষ্যে সেবা সপ্তাহ চলাকালীন লাইন ডাইরেক্টরগণ সংশ্লিষ্ট অপারেশনাল প্ল্যানের আওতায় পরিচালিত সকল প্রকার প্রশিক্ষণ/ওয়ার্কশপ বন্ধ রাখবেন;
- পরিবার পরিকল্পনা সেবার ক্ষেত্রে যেসকল স্থানে সেবাদানকারীর স্বল্পতা রয়েছে সেখানে আঞ্চলিক সুপারভাইজারগণ (এফপিসিএস-কিউআইটি) ও ডিস্ট্রিক্ট কনসালট্যান্টগণ,সংশ্লিষ্ট বিভাগীয় পরিচালক (পরিবার পরিকল্পনা) ও উপ-পরিচালক (পরিবার পরিকল্পনা) এর সাথে আলোচনাক্রমে প্রয়োজনীয় সংখ্যক অপারেটিং সার্জন টিম গঠন করবেন এবং সেবা কার্যক্রম তদারকি করবেন; মেরীস্টোপস ক্লিনিক সোসাইটি কর্তৃক পরিচালিত Roving Team এর সহায়তার প্রয়োজন হলে জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় থেকে পূর্ব থেকেই কর্মসূচি প্রণয়ন পূর্বক Roving Team কে অবহিত করবেন;
- মাঠপর্যায়ের কর্মকর্তাগণ সেবা ও প্রচার সপ্তাহ সফলভাবে সংগঠনের উদ্দেশ্যে প্রয়োজনীয় ইমপ্রেস্ট ফান্ড, লজিস্টিক, এমএসআর এর স্বল্পতা থাকলে অতিদ্রুত তা সংগ্রহ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন এবং বিভাগ ও জেলা পর্যায় থেকে সংশ্লিষ্ট সেবাদানকারীগণকে সেবা প্রদানের নির্দিষ্ট লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দিবেন;
- স্বাস্থ্য অধিদপ্তরের অধীন যেসব মেডিকেল কলেজ হাসপাতাল, জেলা হাসপাতাল ও উপজেলা হাসপাতালে প্রসব পরবর্তী দীর্ঘ মেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতির সেবা চালু আছে ঐ সকল কেন্দ্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ব্যবস্থাপকদের সাথে আলোচনা পূর্বক ক্লায়েন্ট রেফার করে সেবা গ্রহণকারীর সংখ্যা বৃদ্ধির উদ্যোগ নিবেন;
- সেবা ও প্রচার সপ্তাহ চলাকালীন জেলা ও উপজেলা পর্যায়ে আশ্রয়ণ, আবাসন, গুচ্ছগ্রাম এবং সিটি কর্পোরেশন এলাকার বস্তিবাসীদের জন্য বিশেষ সেবা প্রদান কার্যক্রম গ্রহণ করবেন;
- পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমআইএস ইউনিট একটি মনিটরিং ও তথ্য সংগ্রহ সেল খুলবেন। উক্ত সেল ই-মেইল (dirmisfp@gmail.com)/টেলিফোনের মাধ্যমে নির্দিষ্ট ফরমেট অনুযায়ী মাঠ পর্যায় থেকে প্রতিদিনের তথ্য সংগ্রহ করবেন। জেলা পরিবার পরিকল্পনা অফিস সংশ্লিষ্ট উপজেলার তথ্য সংকলন পূর্বক এমআইএস ইউনিটে প্রেরণ করবে;
- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের পক্ষ থেকে সেবা ও প্রচার সপ্তাহ চলাকালীন সেবা ও প্রচার সপ্তাহের কার্যক্রম মনিটরিং করার জন্য একটি মনিটরিং টিম গঠন করা হবে। পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক মন্ত্রণালয়ের সাথে সমন্বয় করে অনুরূপ একটি মনিটরিং টিম গঠন করা হবে;
- কেন্দ্রীয় পণ্যাগার, আঞ্চলিক পণ্যাগার, জেলা সংরক্ষিত পণ্যাগারসমূহে সেবা ও প্রচার সপ্তাহ সংক্রান্ত চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় লজিস্টিকস/মালামাল দ্রুত সরবরাহ প্রদান নিশ্চিত করবেন;
- এভি ভ্যান পরিচালনাকারী কর্তৃপক্ষ স্ব-স্ব জোনের আওতাধীন জেলাসমূহে সেবা ও প্রচার সপ্তাহ উপলক্ষ্যে বিশেষ চলচ্চিত্র প্রদর্শনীর সূচি প্রণয়ন করে প্রদর্শনী আয়োজনের ব্যবস্থা নিবেন;
- বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি সেলের আওতায় সপ্তাহব্যাপী সেবা ও প্রচার সপ্তাহের প্রতিপাদ্যের উপর ভিত্তি করে বিশেষ অনুষ্ঠান প্রচার করবে;

➢ সুখী পরিবার কল সেন্টারের কর্যক্রম অব্যাহত থাকবে, যেকোন তথ্য/পরামর্শের জন্য ২৪/৭ ঘণ্টা খোলা রয়েছে হটলাইন: ১৬৭৬৭; যার প্রচার কার্যক্রম জোরদার করতে হবে।

➢ পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন কর্মকর্তাগণের সাথে স্বাস্থ্য অধিদপ্তরের কর্মকর্তাগণও সেবা প্রদান নিশ্চিত করার জন্য সম্মিলিতভাবে কাজ করবেন। এ বিষয়ে উভয় অধিদপ্তরের মহাপরিচালকের যৌথ স্বাক্ষরে পত্র প্রেরণ করা হয়েছে।

উপর্যুক্ত বিষয়সমূহের প্রতি গুরুত্ব প্রদানপূর্বক ০৯-১৪ ডিসেম্বর ২০২৩ পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ সফলভাবে উদযাপনের প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

২৯.১১.২৩


সাহান আরা বানু, এনডিসি,
মহাপরিচালক (গ্রেড-১)
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
ফোন: ০২-৫৫০১২৩৪১
ই-মেইল: dg@dgfp.gov.bd


স্মারক নং- ৫৯.১১.০০০০.৩৫০.২৩.০৩০.২৩.১৮৭৭ তারিখঃ০৫/ ১১/২০২৩খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ/সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২.অতিরিক্ত সচিব (সকল),............................................ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার (সকল)...........................................বিভাগ।
৪. যুগ্ম সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. পরিচালক/ লাইন ডাইরেক্টর(সকল)........................... অত্র অধিদপ্তর।
৬. পরিচালক, পরিবার পরিকল্পনা(সকল).............................................বিভাগ।
৭. পরিচালক, এমসিএইচটিআই, আজিমপুর/ এমএফএসটিসি, মোহাম্মদপুর/ লালকুঠি মিরপুর ঢাকা।
৮. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. জেলা প্রশাসক (সকল)............................................... জেলা।
১০. সিভিল সার্জন (সকল)............................................. জেলা।
১১. মাননীয় সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১২. অতিরিক্ত পরিচালক (ড্রাগস এন্ড স্টোরস), কেন্দ্রীয় পণ্যাগার, পরিবার পরিকল্পনা, মহাখালী, ঢাকা।
১৩. উপপরিচালক (সকল)...................................................জেলা।
১৪. উপজেলা চেয়্যারম্যান(সকল) ........................উপজেলা.......................জেলা।
১৫. উপজেলা নির্বাহী অফিসার (সকল)..................উপজেলা.....................জেলা।
১৬. সহকারী পরিচালক (এফপি)/(সিসি)/আঞ্চলিক সুপারভাইজার (এফপিসিএসটি-কিউআইটি) (সকল অঞ্চল) /ডিস্ট্রিক্ট কনসালট্যান্ট (সকল)..................................জেলা।
১৭. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল).......................উপজেলা.................জেলা।
১৮. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)..................উপজেলা.....................জেলা।
১৯. এমও(এমসিএইচ-এফপি)/এম ও (ক্লিনিক) (সকল)..................উপজেলা.....................জেলা।
২০. আঞ্চলিক সরবরাহ কর্মকর্তা/ সরবরাহ কর্মকর্তা, (সকল) .............................অঞ্চল/জেলা।
২১. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, অত্র অধিদপ্তর।
২২. অফিস কপি।

২৯/১১/২০২৩


আবদুল লতিফ মোল্লা
পরিচালক (আইইএম) ও
লাইন ডাইরেক্টর (আইইসি)
পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
০২-৫৫০১২৩৫০
ইমেইল: iemdgfp@gmail.com